




স্মারক নং-বা:স্কা:(আন্তর্জাতিক-১৯৯/২০২২)/২১৬১ (১৫৬)/২০২২

তারিখ : ১৪ চৈত্র ১৪২৮  
২৮ মার্চ ২০২২

## ২১তম আরব মুট ২০২২, তিউনিসিয়া

২১তম আরব মুট আগামী ২১ - ৩০ জুলাই ২০২২ পর্যন্ত তিউনিসিয়ায় অনুষ্ঠিত হবে। উক্ত মুটে রোভার স্কাউট ও অ্যাডাল্ট লিডার অংশগ্রহণ করতে পারবেন এবং বাংলাদেশ স্কাউটস একটি কন্টিনজেন্ট প্রেরণ করবে। বিস্তারিত তথ্য নিম্নরূপ :

ইভেন্টের নাম :	২১তম আরব মুট
তারিখ :	২১ - ৩০ জুলাই ২০২২
ভেন্যু :	আন্তর্জাতিক প্রশিক্ষণ ও ক্যাম্পিং কেন্দ্র, বরজ সিড্রিয়া, তিউনিসিয়া
অ্যাডাল্ট লিডার :	কমপক্ষে উডব্যান্ড অর্জনকারী।
রোভার স্কাউট :	স্তর : কমপক্ষে প্রশিক্ষণ স্তর। জন্ম : ১ জুলাই ১৯৯৯ থেকে ১ জুলাই ২০০৫ এর মধ্যে।
সম্ভাব্য ব্যয় :	কমবেশি মোট টাকা = ২,০০,০০০.০০ (দুই লক্ষ) মাত্র। উল্লিখিত অর্থের মধ্যে রেজিস্ট্রেশন ফি, বিমান ভাড়া, ভিসা ফি, কন্টিনজেন্টস কিটস, খাদ্য ও অভ্যন্তরীণ যাতায়াত অন্তর্ভুক্ত থাকবে। উল্লেখ্য যে, এখানে বিমান ভাড়া স্বাভাবিক সময় বিবেচনায় ধার্য করা হয়েছে। বিমান ভাড়া বিবিধ কারণে অপ্রত্যাশিতভাবে উঠানামা করে। সুতরাং পরিবর্তিত পরিস্থিতি সাপেক্ষে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। উক্ত ব্যয়ের বিষয়ে বাংলাদেশ স্কাউটস এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
অর্থ জমা প্রদান :	চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পূর্বে আবেদনকারীদের বাংলাদেশ স্কাউটসে কোন অর্থ জমা প্রদান করতে হবে না। জাতীয় সদর দফতর পরবর্তীতে অর্থ জমা প্রদানের তারিখ, পরিমাণ প্রভৃতি বিষয়ে লিখিতভাবে অবহিত করবে এবং আবেদন পত্র প্রদানের সময় কোন অর্থ প্রদান করতে হবে না।
আবেদনপত্র জমা :	বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল যথাযথ প্রক্রিয়ায় বাছাই করে অগ্রায়ণপত্রসহ আবেদন ফরম আগামী ২১ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

  
(কে এম সাইদুজ্জামান) ২৮/৩/২০২২  
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)  
বাংলাদেশ স্কাউটস

### বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

### সদয় জ্ঞাতার্থে:

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;
- ৩। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।